রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**কারা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/১৯ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-১৬–আইন/২০১৭।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ঙ) **“প্রয়োজনীয় যোগ্যতা”** অর্থ কোন পদে নিয়োগের ক্ষেত্রে তফসিলে উল্লিখিত উক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা:

তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, বোর্ড, প্রতিষ্ঠান বা ইন্সটিটিউট কর্তৃক গৃহীত পরীক্ষার ফলাফলের বিভাগ বা শ্রেণির সমমানের Cumulative Grade Point Average (CGPA)-ও প্রয়োজনীয় যোগ্যতা হিসাবে গণ্য হইবে;”;

(২) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(গ) সমপদমর্যাদার কোন পদ হইতে বা প্রেষণে বদলীর মাধ্যমে।”;


মূল্য ঃ **টাকা ১৬.০০**

(৩) তফসিল-১ এর কলাম ১ এর—

(ক) ক্রমিক নং ৬ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | সহকারী কারা মহাপরিদর্শক | --- | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে কারা তত্ত্বাবধায়ক পদ হইতে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** উপ-তত্ত্বাবধায়ক বা জেলার পদে অথবা উভয় পদে মোট ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

”;

(খ) ক্রমিক নং ৭ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | কারা তত্ত্বাবধায়ক | --- | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সহকারী কারা মহাপরিদর্শক পদ হইতে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** উপ-তত্ত্বাবধায়ক বা জেলার পদে অথবা উভয় পদে মোট ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

”;

(গ) ক্রমিক নং ৮ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | উপ-তত্ত্বাবধায়ক | ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) মোট পদের ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে;<br><br>অথবা<br><br>(গ) জেলার পদ হইতে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** ডেপুটি জেলার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে-<br><br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রীসহ; অথবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (খ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রীসহ; অথবা<br>(গ) ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ—<br>নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা থাকিতে হইবে, যথা:—<br>(ক) পুরুষদের জন্য—<br>(অ) উচ্চতা অন্যূন ১.৬৫ মিটার;<br>(আ) বুক অন্যূন ৮১.২৮ সেন্টিমিটার;<br>(ই) ওজন অন্যূন ৫২ কেজি;<br>(খ) মহিলাদের জন্য—<br>(অ) উচ্চতা অন্যূন ১.৫৭ মিটার;<br>(আ) বুক অন্যূন ৭৬.৯২ সেন্টিমিটার;<br>(ই) ওজন অন্যূন ৪৫ কেজি। ”; |

(ঘ) ক্রমিক নং ৯ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | | |
|---|---|---|---|---|
| “ ৯. | জেলার | ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:** ডেপুটি জেলার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) মোট পদের ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>অথবা<br>(গ) উপ-তত্ত্বাবধায়ক পদ হইতে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)-সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রীসহ; অথবা<br>(খ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রীসহ; অথবা<br>(গ) ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ-<br>নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা থাকিতে হইবে, যথা:—<br>(ক) পুরুষদের জন্য-<br>(অ) উচ্চতা অন্যূন ১.৬৫ মিটার;<br>(আ) বুক অন্যূন ৮১.২৮ সেন্টিমিটার;<br>(ই) ওজন অন্যূন ৫২ কেজি; |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (খ) মহিলাদের জন্য-<br>(অ) উচ্চতা অন্যূন ১.৫৭ মিটার;<br>(আ) বুক অন্যূন ৭৬.৯২ সেন্টিমিটার;<br>(ই) ওজন অন্যূন ৪৫ কেজি। |

";

(ঙ) ক্রমিক নং ২০ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) The Steno-graphers and Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে; এবং<br>(খ) তফসিল-৩ ও তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

";

(চ) ক্রমিক নং ২৩ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রিতে উল্লিখিত "মুদ্রাক্ষরিক" এবং "মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী" পদনামের পরিবর্তে, যথাক্রমে, "কম্পিউটার মুদ্রাক্ষরিক" এবং "কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ছ) ক্রমিক নং ২৪ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রিতে উল্লিখিত "মুদ্রাক্ষরিক" এবং "মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী" পদনামের পরিবর্তে, যথাক্রমে, "কম্পিউটার মুদ্রাক্ষরিক" এবং "কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(জ) ক্রমিক নং ২৫ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) The Steno-graphers and Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী; তবে প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে; এবং<br>(খ) তফসিল-৩ ও তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

";

(ঝ) ক্রমিক নং ২৬ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ক) সহকারী প্রধান কারারক্ষী পদে অন্যূন ৩ (তিন) বৎসর বা উক্ত পদসহ কোন ফিডার পদে মোট ৬ (ছয়) বৎসরের চাকুরী; অথবা

(খ) কারারক্ষী, দেহরক্ষী বা মহিলা কারারক্ষী পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী।";

(ঞ) ক্রমিক নং ২৮ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রিতে উল্লিখিত "কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক" পদনামের পরিবর্তে "কারা সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ট) ক্রমিক নং ২৯ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রিতে উল্লিখিত "কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক" পদনামের পরিবর্তে "কারা সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ঠ) ক্রমিক নং ৩০ এর বিপরীতে কলাম ২ এ উল্লিখিত "কারা সহকারী-কাম-মুদ্রাক্ষরিক" পদনামের পরিবর্তে "কারা সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ড) ক্রমিক নং ৩১ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১. | কম্পিউটার-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসর, ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা রেকর্ড সাপ্লাইয়ার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে সর্বনিম্ন ২০টি শব্দের গতি; এবং<br>(ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-৩ ও তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

";

(ঢ) ক্রমিক নং ৩২ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২. | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম অফিস সহকারী | ৩০ বৎসর | (ক) মোট পদের ২০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসর, ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা রেকর্ড সাপ্লাইয়ার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে সর্বনিম্ন ২০টি শব্দের গতি; এবং<br>(ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-৩ ও তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

";

(ণ) ক্রমিক নং ৩৩ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রিতে উল্লিখিত "ডুপ্লিকেটিং মেশিন অপারেটর" পদনামের পরিবর্তে "ফটোকপি অপারেটর" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ত) ক্রমিক নং ৩৯ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

"The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুসারে।";

(থ) ক্রমিক নং ৫০ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৫০. | ফটোকপি অপারেটর | --- | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক (গ্রেড-১) পদে অনূ্যন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |

";

(দ) ক্রমিক নং ৫১ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রিতে উল্লিখিত "এম.এল.এস.এস" পদনামের পরিবর্তে "অফিস সহায়ক (গ্রেড-২)" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ধ) ক্রমিক নং ৫৪ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রিতে উল্লিখিত "এম.এল.এস.এস" পদনামের পরিবর্তে "অফিস সহায়ক (গ্রেড-২)" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ন) ক্রমিক নং ৫৫ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৫. | অফিস সহায়ক (গ্রেড-১) | --- | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক (গ্রেড-২) পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |

";

(প) ক্রমিক নং ৫৬ এর বিপরীতে কলাম ২ এ উল্লিখিত "এম.এল.এস.এস" পদনামের পরিবর্তে "অফিস সহায়ক (গ্রেড-২)" পদনাম প্রতিস্থাপিত হইবে;

(ফ) ক্রমিক নং ৫৮ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৮. | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, মোট পদের ৮০% পদ হরিজন সম্প্রদায়ের প্রার্থীদের মধ্য হইতে পূরণ করিতে হইবে:<br>আরও শর্ত থাকে যে, হরিজন সম্প্রদায়ের প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পদ সাধারণ প্রার্থীদের মধ্য হইতে পূরণযোগ্য হইবে। | অষ্টম শ্রেণি, জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

";

(৪) তফসিল-৩ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল-৩**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর, কারা সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম অফিস সহকারী এবং অফিস সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি।

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | | ৭০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২০ | | |
| ২। | ইংরেজি | ২০ | | |
| ৩। | গণিত | ১৫ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১৫ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

**ব্যাখ্যা।**—(ক) লিখিত পরীক্ষা এবং তফসিল-৪ এ বর্ণিত সাঁট-লিপি/কম্পিউটার এপটিচিউড টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।";

(৫) তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল-৪**

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর এবং সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি।

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষার মোট নম্বর | বাংলা পরীক্ষার মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| **সাঁট-লিপি** | | | | | | | | |
| সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |

**কম্পিউটার মুদ্রাক্ষর**

<table>
<tr><td>সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর</td><td rowspan="2">৩০ শব্দ</td><td rowspan="2">২৫ শব্দ</td><td rowspan="2">৫০</td><td rowspan="2">৫০</td><td rowspan="2">৪০%</td><td rowspan="2">৫০%</td><td rowspan="2">১০ মিনিট</td><td rowspan="2">১০ মিনিট</td></tr>
<tr><td>সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর</td></tr>
</table>

**ব্যাখ্যা।**—(ক) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ এর জন্য ৩০ মিনিট বরাদ্দ থাকিবে।

(খ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(ঘ) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করিতে হইবে।";

(৬) তফসিল-৫ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৫ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল-৫**

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

কারা সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি, নম্বর, ইত্যাদি।

| ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি(প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষার মোট নম্বর | বাংলা পরীক্ষার মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।**—(ক) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(খ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(গ) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করিতে হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**শিরীন রুবী**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd